নবম অধ্যায়

রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা

[বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থাসমূহ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বেসরকারি খাত উন্নয়নে অনুসৃত 'রাষ্ট্রায়াত্ত্ব খাত বেসরকারিকরণ কর্মসূচি' সত্ত্বেও রাষ্ট্রায়াত্ত্ব খাত এখনও জাতীয় উৎপাদনশীলতা, মূল্য সংযোজন, কর্মসংস্থান ও রাজস্ব আয় বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। ২০১২-১৩ অর্থবছরে এসব সংস্থার পরিচালন রাজস্ব বৃদ্ধির হার ছিল ৩২.৪৭ শতাংশ। তবে উৎপাদন ব্যয়ের হিসেবে ২০০৮-০৯ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ৮,৪০৫ কোটি টাকা, যা ২০১২-১৩ অর্থবছরে হ্রাস পেয়ে ৫,৭৬০ কোটি টাকায় দাঁড়ায়। ২০১২-১৩ অর্থবছরে সামগ্রিকভাবে এসব সংস্থার নিট মুনাফা ছিল (-) ২,৬২৬.১৫ কোটি টাকা। অন্যদিকে যেসব সংস্থা মুনাফা করেছে তা লভ্যাংশ হিসেবে ১,০৪০.২২ কোটি টাকা সরকারি কোষাগারে জমা করেছে। ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত অ-আর্থিক রাষ্ট্রীয় সংস্থার নিকট মোট ডিএসএল বাবদ পাওনার পরিমাপ ১,৪০,৭৯,২২৫.৭৯ কোটি টাকা। ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত রাষ্ট্রায়াত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের নিকট ২২টি রাষ্ট্রীয় সংস্থার মোট ঋণের পরিমাণ ৩৩,৯১৩.৬৫ কোটি টাকা, যার মধ্যে শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ হচ্ছে ১৭২.২৯ কোটি টাকা। ২০০৮-০৯ অর্থবছরে রাষ্ট্রায়াত্ত্ব খাতের মোট সম্পদের ওপর পরিচালন মুনাফার হার (ROA) ১.৯৪ শতাংশ হলেও ২০১২-১৩ অর্থবছরে তা (-) ০.৬৭ শতাংশে পৌঁছে। পরিচালন রাজস্বের ওপর নিট মুনাফার হার ২০১২-১৩ অর্থবছরে (-) ২.১৬ শতাংশে দাঁড়িয়েছে। ইক্যুইটির ওপর লভ্যাংশের হার ২০০৮-০৯ অর্থবছরে ছিল ০.৪৮ শতাংশ, যা ২০১২-১৩ অর্থবছরে ২৪.১০ শতাংশে দাঁড়িয়েছে এবং সম্পদের টার্নওভার বিবেচনায় ২০১২-১৩ অর্থবছরের সম্পদ ব্যবহারের দক্ষতা ২০১১-১২ অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।]

দেশীয় শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রে ক্রমসম্প্রসারমাণ ব্যক্তিখাতের বিনিয়োগের আওতা ও গভীরতা বৃদ্ধির পাশাপাশি রাষ্ট্রীয় খাতের বিনিয়োগও উজ্জ্বলভাবে উপস্থিত। দেশে বিদ্যমান রাষ্ট্রায়াত্ত্ব সংস্থাকে (অ-আর্থিক) বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী ৭টি সেক্টরে বিভক্ত করে রাষ্ট্রায়াত্ত্ব খাতের অর্থনৈতিক ও আর্থিক বিশ্লেষণ সম্পন্ন করা হয়েছে। নিম্নের সারণিতে এসব সংস্থার শ্রেণীবিন্যাস দেখানো হলঃ

সারণি ৯.১: রাষ্ট্রায়াত্ত্ব সংস্থাসমূহ (অ-আর্থিক)

ক্র: নং	সেক্টর	সংস্থার সংখ্যা	সংস্থার নাম
১।	শিল্প	৬টি	বাংলাদেশ বস্ত্র শিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পাটকল কর্পোরেশন।
২।	বিদ্যুৎ, গ্যাস ও পানি	৭টি	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ, ঢাকা পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, চট্টগ্রাম পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, রাজশাহী পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, খুলনা পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ ।
৩।	পরিবহণ ও যোগাযোগ	৭টি	বাংলাদেশ সমুদ্র পরিবহণ কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ।
৪।	বাণিজ্য	৩টি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ বাণিজ্য কর্পোরেশন, বাংলাদেশ পাট কর্পোরেশন।
৫।	কৃষি	২টি	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
৬।	নির্মাণ	৫টি	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৭।	সার্ভিস	১৬টি	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষ, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ চা বোর্ড, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট।

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

রাষ্ট্রায়াত্ত্ব খাতের উৎপাদন ও উপাদান আয়

২০০৮-০৯ অর্থবছরে দেশে বিদ্যমান সকল অ-আর্থিক রাষ্ট্রায়াত্ত্ব সংস্থায় মোট পরিচালন রাজস্ব ছিল ৩৯,৫৪৭ কোটি টাকা, যা ২০১২-১৩ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ১,২১,৭৮৮.৭৮ কোটি টাকায় দাঁড়িয়েছে। বার্ষিক প্রবৃদ্ধির হার ৩২.৪৭ শতাংশ। উক্ত সময়ে ক্রীত পণ্য ও সেবার মূল্য ৩৮.৯৩ শতাংশ বৃদ্ধি পায়। উৎপাদন ব্যয়ের নিরিখে ২০০৮-০৯ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ৮,৪০৫ কোটি টাকা, যা ২০১২-১৩ অর্থবছরে হ্রাস পেয়ে ৫,৭৬০ কোটি টাকায় দাঁড়ায়। মূল্য সংযোজনের প্রবৃদ্ধির হার ছিল -৯.০১ শতাংশ। ২০০৮-০৯ অর্থবছরে রাষ্ট্রায়াত্ত্ব খাতে পরিচালন উদ্বৃত্ত ছিল ৩,৭৯৮ কোটি টাকা, ২০১২-১৩ অর্থবছরে পরিচালন রাজস্বের ঘাটতি দাঁড়ায় ১,৪৫৬.৮৩ কোটি টাকা। নিম্নের সারণি ৯.২ এ ২০০৮-০৯ থেকে ২০১২-১৩ পর্যন্ত অ-আর্থিক রাষ্ট্রায়াত্ত্ব খাতের রাজস্ব, মূল্য সংযোজন, উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার দেখানো হলো।

সারণি ৯.২: অ-আর্থিক রাষ্ট্রায়াত্ত্ব খাতের রাজস্ব, মূল্যসংযোগ, উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার

(কোটি টাকায়)

	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	প্রবৃদ্ধির হার
পরিচালন রাজস্ব	৩৯,৫৪৭	৬৪,৯৫৮	৭৮,৩৬৯.২৫	১,০৬,৯৯৩.০২	১,২১,৭৮৮.৭৮	৩২.৪৭
ক্রীত পণ্য ও সেবা	৩১,১৪২	৫৫,৬২২	৮০,১৪৯.৭১	১,০৮,৬৩৫.৫৫	১,১৬.০২৮.৪৩	৩৮.৯৩
মূল্যসংযোজনঃ উৎপাদন ব্যয়ের হিসাবে	৮,৪০৫	৯,৩৩৬	-১,৭৮০	-১,৬৪৩	৫,৭৬০	-৯.০১
বেতন ও ভাতাদি	২,১৭২	৩,১১৬	৩,৪৫৬	৩,৪৯৩	৪,০৩০	১৬.৭১
অবচয়	২,৪৩৬	২,৫৬৩	২,৮৫৯.৮৫	৩,২০৬.৬৫	৩,১৮৭.৩৯	৬.৯৫
পরিচালন (উদ্বৃত্ত/লোকসান)	৩,৭৯৮	৩,৬৫৭	-৮,০৯৬.৪০	-৮,৩৪২.৩৮	-১,৪৫৬.৮৩	-৩১.৭৫
মূল্য সংযোজন	৮,৪০৫	৯,৩৩৬	-১,৭৮০	-১,৬৪৩	৫,৭৬০	-৯.০১

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

নিট মুনাফা/লোকসান

২০১১-১২ অর্থবছরে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নিট লোকসান ছিল ৯,৪১৪.৮০ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে নিট লোকসান হয়েছে ২,৬২৬.১৫ কোটি টাকা। ২০১৩-১৪ অর্থবছরের (২২.০৪.২০১৪ পর্যন্ত) সংশোধিত হিসাব মতে, নিট মুনাফা ৩,০২২.১৩ কোটি টাকা। ২০১৩-১৪ অর্থবছরে বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন এর নিট মুনাফা পূর্ববর্তী অর্থবছরের (২০১২-১৩) ৫,৩৪৯.১০ কোটি টাকা থেকে ৯,৩৯৮.৩৬ কোটি টাকায় বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ২০১৩-১৪ অর্থবছরে (সংশোধিত) এপ্রিল ২০১৩ পর্যন্ত ৭,০৯২.৩৯ কোটি টাকা লোকসানের সম্মুখীন হয়েছে। অপরদিকে, ২০১৩-১৪ অর্থবছরে রাষ্ট্রায়াত্ত্ব সংস্থাসমূহের মধ্যে যে সকল সংস্থার নিট মুনাফা/লোকসান উল্লেখযোগ্য হারে হ্রাস/বৃদ্ধি ঘটবে সেগুলো হলোঃ বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (নিট মুনাফা পূর্ববর্তী অর্থবছরের (২০১২-১৩) ৮৮২.৩৯ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ৩,৩০৫.৫১ কোটি টাকা), ঢাকা ওয়াসা (নিট মুনাফা ৯.৮২ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ১৪৮.৪১ কোটি টাকা), ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (নিট লোকসান ৩৮.৫০ কোটি টাকা হতে হ্রাস পেয়ে নিট মুনাফা ১৪.৬৪ কোটি টাকা), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (নিট মুনাফা ১১৬.৫৬ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ১৩৪.৫৭ কোটি টাকা), পল্লী বিদ্যুতায়ন বোর্ড (নিট লোকসান ২৩.৩৩ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ৩১০.১৫ কোটি টাকা) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (নিট লোকসান ২০১২-১৩ অর্থবছরে ৪,৮৩২.৩৬ কোটি টাকা থেকে হ্রাস পেয়ে ২০১৩-১৪ অর্থবছরে ২,৪৮৯.৮৬ কোটি টাকা)। রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নিট মুনাফা/লোকসানের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৩৫ এ দেখা যেতে পারে।

সরকারি কোষাগারে লভ্যাংশ প্রদান

রাষ্ট্রায়াত্ত্ব সংস্থাসমূহ ২০১১-১২ অর্থবছরে লভ্যাংশ হিসাবে মোট ৪৫৯.৬৬ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। ২০১২-১৩ অর্থবছরে এ অঙ্ক বৃদ্ধি পেয়ে ১,০৪০.২২ কোটি টাকায় উপনীত হয়। সংশোধিত হিসাব মতে, ২০১৩-১৪ অর্থবছরে (২২.০৪.২০১৪ পর্যন্ত হিসাব অনুযায়ী) এ অঙ্ক ১,০১৭.০৫ কোটি টাকা হতে পারে মর্মে ধরা হয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে যে সকল সংস্থা উল্লেখযোগ্য হারে লভ্যাংশ প্রদান করবে বলে আশা করা যায় সেগুলোর মধ্যে রয়েছে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (৮০০.০০ কোটি টাকা), চট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষ (৭৫.০০ কোটি টাকা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (৫০.০০ কোটি টাকা), বেপজা (২৫.০০ কোটি টাকা),বাংলাদেশ শিপিং কর্পোরেশন (১৩.৬০ কোটি টাকা), পল্লী বিদ্যুতায়ন বোর্ড (১০.০০ কোটি টাকা), রাজউক (৭.০০ কোটি টাকা)। রাষ্ট্রায়াত্ত্ব সংস্থাসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদত্ত লভ্যাংশের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৩৬ দ্রষ্টব্য ।

সরকারি অনুদান/ভর্তুকি প্রদান

সরকার ২০১২-১৩ অর্থবছরে ১২ টি রাষ্ট্রীয় সংস্থাকে অনুদান/ভর্তুকি হিসেবে ১,৪৫৪.৮৩ কোটি টাকা প্রদান করেছে। ২০১৩-১৪ অর্থবছরে এর পরিমাণ হয়েছে ১,৪৫৬.৫৯ কোটি টাকা। ২০১৩-১৪ অর্থবছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে ৭১০.৩৪ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৬৭৭.৭৩ কোটি টাকা । তাছাড়া, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনকে ২১৬.১৮ কোটি টাকা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষকে ১৭৮.৩৯ কোটি টাকা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে ১১৯.৭১ কোটি টাকা, বাংলাদেশ পাটকল কর্পোরেশনকে ৯৬.১৬ কোটি টাকা এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনকে ৭৯.৬৫ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়। সারণি ৯.৩ এ ২০০৫-০৬ থেকে ২০১৩-১৪ পর্যন্ত বিভিন্ন রাষ্ট্রায়াত্ত্ব সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ দেখানো হলোঃ

সারণি ৯.৩: রাষ্ট্রায়াত্ত্ব সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ

(কোটি টাকায়)

কর্পোরেশন/ প্রতিষ্ঠানের নাম	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩ (সাময়িক)	২০১৩-১৪* (সংশোধিত)
বিসিআইসি	০	০	০	০	০	০	০	০	০
বিএসইসি	০	০	০	০	০	০	০	০	০
বিজেএমসি	১০০.০০	৩৪.৯৯	৩৪.৯৯	৩৪.৪৫	৬৫.১২	৯৪.২৪	১০৬.১২	১৩৮.৩১	৯৬.১৬
বিআইডব্লিউটিসি	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০
আরডিএ	০.১২	০.১৩	০.১৫	০.১৫	০.২	০.২০	০.২১	০.২৮	০.৩৫
বিএফএফডব্লিউটি	১৮.১৯	১৮.২৯	২৭.৭	৪৪.৫৩	৬১.১৬	৭৮.৪০	৭৪.০৬	৭৪.১৪	১১৯.৭১
বিআইডব্লিউটিএ	৫২.১৯	৫০.৫৪	৪২.৪৫	৮২.৪৯	৯৮.২৪	১৪০.৫৬	১২০.১৬	১৬১.২২	১৭৮.৩৯
বিএসসিআইসি	২৬.৫	২৮.৫০	৩৬.৯৮	৩৯.৯৬	৪৭.৭৪	৬২.২১	৬৪.৪৩	৬৪.০০	৭৯.৬৫
আরইবি	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	০	০	০
বিএইচবি	৭.৯৯	৭.৪৩	৭.৪৩	০	০	০	০	০	০
বিএসবি	৩.৯৭	৪.৩২	৬.২৯	৮.৮৯	১০.৪	১৩.৮৫	১৫.৩৬	১১.৭৫	১৩.৮৭
ইপিবি	১২.০০	১১.০০	১২.৩০	১৩.৮১	১৩.৮১	১৬.০০	১৬.০০	১৬.০০	২১.৩০
বিএডিসি	৫৮.৬২	৬৬.৫	৮৬.৬২	১৫৫.০০	২০৪.২৭	২৩৯.১৯	২৭৯.৩০	২৯২.৯৪	২১৬.১৮
বিডব্লিউডিবি	২৭৯.০১	২২৮.২৪	২২৮.২৪	৫৭১.৬২	৬৪৫.৭৪	৫৩১.৬৬	৬৪০.২৯	৬৭৭.৭৩	৭১০.৩৪
বিইআরসি	০.৫৪	০.৭৭	১.০০	০.০০	০.০০	০.০০	০	০	০
এনএইচএ	০	০	০	০	০	০	০.১৫	১৫.৫০	১৭.০০
বিএসআরটিআই	০	১.৪৪	১.৬	১.৭৯	১.৪২	২.৮৪	২.৮৮	২.৪৬	৩.১৪
মোট	৪২১.৬৯	৪৬০.৬৯	৪৯৪.২৫	৯৬১.১৯	১১৫৬.৬০	১১৮৭.৬৫	১৩১৯.৪৬	১৪৫৪.৮৩	১৪৫৬.৫৯

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ। * এপ্রিল ২০১৪ পর্যন্ত

সরকারি দায় -দেনা (Debt Service Liabilities)

অর্থ বিভাগের ডিএসএল অধিশাখা ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত ১১০টি স্বায়ত্তশাসিত/আধা- স্বায়ত্তশাসিত/ স্থানীয় (স্ব-শাসিত) সংস্থার বকেয়ার পরিমাণ নির্ধারণ করেছে। হিসাব মতে, ২০১২-১৩ অর্থবছর শেষে এসব অ-আর্থিক রাষ্ট্রায়াত্ত্ব সংস্থার নিকট মোট বকেয়ার পরিমাণ দাড়াঁয় ১,৪০,৭৯,২২৫.৭৯ কোটি টাকা। সরকারের ডিএসএল পাওনা ও আদায়ের সাময়িক হিসাব পরিশিষ্ট-৩৭ এ দেখা যেতে পারে।

ব্যাংক ঋণ

২২ টি রাষ্ট্রীয় সংস্থার নিকট রাষ্ট্রায়াত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত মোট ৩৩,৯১৩.৬৫ কোটি টাকা ঋণ রয়েছে যার মধ্যে শ্রেণীবিন্যাসিত ঋণের অঙ্ক হচ্ছে ১৭২.২৯ কোটি টাকা (.৫১ শতাংশ)। যে সকল সংস্থার নিকট রাষ্ট্রায়াত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের সর্বোচ্চ ঋণ রয়েছে সেগুলো হল: বিপিসি (১৪,১৮৩.৬৪ কোটি টাকা), বিপিডিবি (৬,১৭৫.১৬ কোটি টাকা), বিসিআইসি (৪,৯৪৪.৬২ কোটি টাকা), বিএসএফআইসি (২,৭৫৭.০৩ কোটি টাকা), বিএডিসি (২,২৪৭.৩০ কোটি টাকা), বিওজিএমসি (১,৩২৭.৯১ কোটি টাকা), বিডব্লিউডিবি (৭১৩.৪৬), বিজেএমসি (৬৬৪.১৬ কোটি টাকা), বিএসইসি (২২৯.১৮ কোটি টাকা), সিপিএ (১৪৯.২৮), বিটিএমসি (১২৮.৮৫ কোটি টাকা), ও টিসিবি (৭৯.১০ কোটি টাকা)। অন্যদিকে, যে সকল সংস্থার নিকট সর্বোচ্চ শ্রেণীবিন্যাসিত ঋণ রয়েছে সেগুলোঃ বিসিআইসি (৮৯.৫২ কোটি টাকা), বিটিএমসি (২১.৭৬ কোটি টাকা), বিএডিসি (২১.২৭ কোটি টাকা), বিএসসি (১৭.৮২ কোটি টাকা), বিটিবি (৯.৬৩), বিএসএফআইসি (৫.৯৯ কোটি টাকা) ও বিএসসিআইসি (২.৬১ কোটি টাকা)। রাষ্ট্রায়াত্ত্ব সংস্থাসমূহের বকেয়া ও শ্রেণীবিন্যাসকৃত ঋণের ক্রমপুঞ্জিত অঙ্ক পরিশিষ্ট-৩৮ এ দেয়া হয়েছে।

রাষ্ট্রায়াত্ত্ব খাতের আর্থিক বিশ্লেষণ

বাংলাদেশে রাষ্ট্রায়াত্ত্ব খাতের প্রায় সমস্ত সম্পদ ও ঋণ সরকার অথবা রাষ্ট্রায়াত্ত্ব বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সুতরাং এ সকল কর্পোরেশনের আর্থিক অবস্থা বিশ্লেষণের ক্ষেত্রে মোট সম্পদের ওপর মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

সারণি ৯.৪: ২০০৮-০৯ হতে ২০১২-১৩ পর্যন্ত রাষ্ট্রায়াত্ত্ব খাতের অর্জিত মুনাফা

(কোটি টাকায়)

	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-২০১৩	প্রবৃদ্ধির হার
১। পরিচালন রাজস্ব	৩৯,৫৪৭	৬৪,৯৫৮	৭৮,৩৬৯	১০৬,৯৯৩	১২১.৭৮৯	৩২.৪৭
২। পরিচালন উদ্বৃত্ত	৩,৭৯৪	৩,৬৫৭	-৮,০৯৬.৩৭	-৮,৩৪২.৩৮	-১৪৫৬.৮৩	-৩১.৭৫
৩। পরিচালন বহির্ভূত রাজস্ব	২,০৪৭	১,৬০৯	১,৫৭৩	২,৩৫৬	২.৬৪১	৬.৫৮
৪। কর্মচারী অংশীদারী তহবিল	১১৪	১২০	৩৭.৯৫	৭২.৫৬	৮৯.৫১	-৫.৮৭
৫। ভর্তুকী (প্রত্যক্ষ)	১৪	৭	৮.৫০	৭৮.০৯	০.৫০	-৫৬.৫৩
৬। সুদ	১,০৫৮	১,৬৫৪	১,৮৬১.২৭	২,৪৮৮.৫২	২,৬৭২.৩৯	২৬.০৭
৭। করপূর্ব নীট লাভ/লোকসান	৪,৬৮৩	৩,৪৯৯	-৮,৬২৮	-৮৫৮২	-১৪৯২	-৩৩.৫৮
৮। কর	১,৩৯৬	১,০১০	৫৬৩.১৫	৮৩৩.১৮	১,১৩৩.৮২	-৫.০৭
৯। কর উত্তর নীট লাভ/লোকসান (৭-৮)	৩,২৮৭	২,৪৮৯	-৯,১৯১.৪৭	-৯,৪১৫	-২,৬২৬	-২৫.৫৩
১০। লভ্যাংশ (ডিভিডেন্ড)	৩৯৫	৫১৩	৬০৫.১৪	৪৫৯.৬৬	১,০৪০.২২	২৭.৩৯
১১। সংরক্ষিত আয় (৯-১০)	২,৮৯২	১,৯৭৬	-৯,৭৯৬.৬১	-৯,৮৭৫	-৩,৬৬৬	-১৮.৯৬
১২। মোট বিনিয়োগ/ফান্ড	১,৯৫,৫৪১	১,৯৩,৭৭৪	১,৮৯,৯৬৬	২১৮,৮৯০	২১৭,৮৩৪	২.৭৪
১৩। ইক্যুইটি	৮২,৬৭৭	৬৩,৯৮২	৩৭,৪২১	৩০,৮৪৭	৪,৩১৭	-৫২.২০
১৪। মোট সম্পদের ওপর পরিচালন	১.৯৪	১.৮৯	-৪.২৬	-৩.৮১	-০.৬৭	-৩২.৭৭
১৫। পরিচালন রাজস্বের ওপর নীট	৮.৩১	৩.৮৩	-১১.৭৩	-৮.৮০	-২.১৬	-৩৫.৬৯
১৬। ইকুইটির ওপর লভ্যাংশের হার	০.৪৮	০.৮০	১.৬২	১.৪৯	২৪.১০	১৬৬.৪৯
১৭। মোট সম্পদের টার্নওভার (১÷১২)	০.২০	০.৩৪	০.৪১	.৪৯	০.৫৬	২৮.৯৪

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।



সারণি ৯.৪ হতে দেখা যায় যে, রাষ্ট্রায়াত্ত্ব খাতের মোট পরিসম্পদের ওপর পরিচালন মুনাফার হার (ROA) ২০০৮-০৯ অর্থবছরে ছিল ১.৯৪ শতাংশ যা ২০১২-১৩ অর্থবছরে -০.৬৭ শতাংশে উপনীত হয়েছে। ২০০৮-০৯ অর্থবছরে পরিচালন রাজস্বের ওপর নিট মুনাফার হার ছিল ৮.৩১ শতাংশ যা ২০১২-১৩ অর্থবছরে -২.১৬ শতাংশে দাঁড়িয়েছে। ইক্যুইটির উপর লভ্যাংশের হার ২০০৮-০৯ অর্থবছরে ছিল ০.৪৮ শতাংশ যা ২০১২-১৩ অর্থবছরে ২৪.১০ শতাংশে দাঁড়িয়েছে। সম্পদের টার্নওভার পর্যালোচনা করলে দেখা যায়, ২০১২-১৩ অর্থবছরের সম্পদ ব্যবহারের দক্ষতা ২০১১-১২ অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।